

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

---

বুধবার, নভেম্বর ৩, ২০১০

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-০১ শাখা

## প্রজ্ঞাপন

তারিখ, ১৬ কার্তিক ১৪১৭ বঙ্গাব্দ/৩১ অক্টোবর ২০১০ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৩৫৮-আইন/২০১০।—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪নং আইন) এর ধারা ৬৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা উপজেলা পরিষদ (চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণের ছুটি) বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “অসাধারণ ছুটি” অর্থ সম্মানী প্রাপ্যতার অধিকারবিহীন বিশেষ অবস্থায় বিশেষ ক্ষেত্রে মঙ্গুরীকৃত ছুটি;
- (খ) “আইন” অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪নং আইন);
- (গ) “চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্য” অর্থ পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্য;
- (ঘ) “ছুটি” অর্থ সম্মানী প্রাপ্যতার অধিকারসহ অনুমোদিত ছুটি;
- (ঙ) “নৈমিত্তিক ছুটি” অর্থ তাৎক্ষণিক প্রয়োজনে ভোগকৃত ছুটি বা ভোগযোগ্য ছুটি, যাহা কর্মকালীন সময় হিসাবে গণ্য হইবে;

---

( ৯৬৭৭ )

মূল্য : টাকা ২.০০

- (চ) “পরিষদ” অর্থ আইনের ধারা ৬ এর অধীন গঠিত উপজেলা পরিষদ;
- (ছ) “বহিঃ বাংলাদেশ ছুটি” অর্থ সরকার কর্তৃক অনুমোদিতভাবে বিদেশে অবস্থানকালীন সময়ের ছুটি।

৩। উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণের সাময়িক অনুপস্থিতি বা কর্মস্থল ত্যাগ।—(১) সরকারের পূর্বানুমতি সাপেক্ষে, পরিষদের চেয়ারম্যানগণ দাঙ্গরিক বা ব্যক্তিগত প্রয়োজনে নিজ জেলার বাহিরে যাইতে বা অবস্থান করিতে পারিবেন।

(২) জরুরী পরিস্থিতিতে জেলার সীমানার বাহিরে যাওয়ার প্রয়োজন হইলে চেয়ারম্যানগণ ফ্যাক্স বা টেলিফোনের মাধ্যমে মৌখিকভাবে সরকারের পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে, ছুটি মঙ্গুর করাইয়া ছুটি ভোগ করিবেন এবং ছুটি ভোগ শেষে লিখিতভাবে উক্ত ছুটি মঙ্গুর করাইবেন।

(৩) চেয়ারম্যানের পূর্বানুমতি ব্যতিত পরিষদের ভাইস চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ ব্যক্তিগত বা দাঙ্গরিক কাজে নিজ জেলার বাহিরে যাইতে বা অবস্থান করিতে বা কর্মস্থল ত্যাগ করিতে পারিবেন না।

৪। নৈমিত্তিক ছুটি।—(১) চেয়ারম্যান, সরকারের পূর্বানুমোদনক্রমে ব্যক্তিগত, পারিবারিক, স্বাস্থ্যগত ও অন্যান্য কারণে বৎসরে সর্বোচ্চ ২০ (বিশ) দিন পর্যন্ত ছুটি ভোগ করিতে পারিবেন।

(২) চেয়ারম্যানের অনুমোদনক্রমে ভাইস চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ বৎসরে সর্বোচ্চ ২০ (বিশ) দিন পর্যন্ত ছুটি ভোগ করিতে পারিবেন।

(৩) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ একাধারে ১০ (দশ) দিনের বেশী নৈমিত্তিক ছুটি ভোগ করিতে পারিবেন না।

৫। বহিঃ বাংলাদেশ ছুটি।—(১) নির্ধারিত ফরমে আবেদনের ভিত্তিতে স্থানীয় সরকারের পূর্বানুমতিক্রমে, পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ নিম্নবর্ণিত কারণে বিদেশ ভ্রমণের লক্ষ্যে বহিঃ বাংলাদেশ ছুটি ভোগ করিতে পারিবেন, যথা :—

- (ক) নিজ বা পরিবারের সদস্যদের চিকিৎসা;
- (খ) বিদেশে অবস্থানরত পরিবারের সদস্যগণের সাথে সাক্ষাত;
- (গ) ধর্মীয় কারণে;
- (ঘ) যুক্তিসংগত কোন ব্যক্তিগত কারণে।

(২) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণের ক্ষেত্রে বহিঃ বাংলাদেশ ছুটি স্বায়ত্তশাসিত সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান ও পরিপ্রসহ নিম্নবর্ণিত শর্তে মঙ্গুর করা যাইবে, যথা :—

- (ক) বহিঃ বাংলাদেশ ছুটির শেয়ার ৬০ (ষাট) দিনের বেশী হইবে না;

- (খ) বিশেষ কারণ ব্যতিত বছরে সর্বোচ্চ ০২ (দুই) বারের অধিক বহিঃ বাংলাদেশ ছুটি ভোগ করা যাইবে না;
- (গ) বহিঃ বাংলাদেশ ছুটি ভোগের ক্ষেত্রে যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ নিজস্ব তহবিল হইতে বহন করিবেন এবং উহাতে সরকার বা উপজেলা পরিষদের কোন আর্থিক সংশ্লেষ থাকিবে না;
- (ঘ) বহিঃ বাংলাদেশ ছুটিকালীন সময়ে বিধি মোতাবেক প্রাপ্য সম্মানীভাতা বৈদেশিক মুদ্রায় আহরণ করিতে পারিবেন না;
- (ঙ) অসুস্থতার ক্ষেত্রে ব্যতীত বৈদেশিক ছুটির মেয়াদ বর্ধিত করা যাইবে না।

৬। বিদেশে প্রশিক্ষণ, সেমিনার ইত্যাদিতে অংশ গ্রহণ।—চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সদস্য বা কোন মহিলা সদস্যের বিদেশ প্রশিক্ষণ বা সেমিনার বা কনফারেন্সে অংশগ্রহণের ক্ষেত্রে সরকারের বা পরিষদের অর্থের সংশ্লেষ না থাকিলেও সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

৭। অসাধারণ ছুটি।—(১) পরিষদের চেয়ারম্যানের অসাধারণ ছুটি কেবলমাত্র সরকার মণ্ডের করিবে।

(২) ভাইস চেয়ারম্যান বা সদস্য বা মহিলা সদস্যের অসাধারণ ছুটি পরিষদের চেয়ারম্যানের সুপারিশক্রমে, সরকার মণ্ডের করিবে।

(৩) গুরুতর অসুস্থতা এবং বিশেষ অবস্থায় বৎসরে তিনমাসের অধিক ছুটির ক্ষেত্রে বা তিনমাস সময়সীমা অতিক্রমপূর্বক ছুটি মণ্ডের ক্ষেত্রে উক্ত তিনমাসের অতিরিক্ত ছুটিকালীন সময় অসাধারণ ছুটি হিসাবে গণ্য হইবে।

৮। সরকারী নির্দেশনা অনুসরণ।—ছুটি ভোগের ক্ষেত্রে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত ও জারিতব্য বিধি-বিধান ও নির্দেশনা ইত্যাদি অনুসরণ করিবেন।

৯। রহিতকরণ।—এ বিধিমালা প্রবর্তনের সংগে সংগে এই সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত, পরিপন্থ এবং নির্দেশনাসমূহ, যদি থাকে, রহিত বালিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মনজুর হোসেন  
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)